উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৩-৫০ তারিখঃ ০৪ সেপ্টেম্বর '২০২৪খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের সেপ্টেম্বর'-২০২৪ মাসের মাসিক সাধারণ সভা জনাব হোসনে আরা তান্নি, প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ০৮ সেপ্টেম্বর '২০২৪ খ্রিঃ তারিখ রবিবার বেলা ১১.৩০ টায় উপজেলা পরিষদ নতুন সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. বিবিধ।

০৪/৯/২০২৪

হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০৪২২৩-৬৫০২২
ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

১। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
২। উপজেলা ----------কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৩। চেয়ারম্যান, জহরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক,যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-৫০

তারিখঃ ০৪ সেপ্টেম্বর ' ২০২৪খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	
২	উপজেলা কৃষি কর্মকর্তা	
৩	উপজেলা প্রকৌশলী	
৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	
৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	
৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	
৮	উপজেলা সমবায় কর্মকর্তা	
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	
১১	উপজেলা প: প: কর্মকর্তা	
১২	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা	
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	
১৪	ফরেস্টার, সামাজিক বনায়ন	
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	
১৬	উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য)	

-উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৪ মাসের সাধারণ
-সভায় উপস্থিতি

সভাপতি :- মোসাঃ জুয়েরা আক্তার
প্রশাসক- উপজেলা পরিষদ ও সহকারী কমিশনার
বাঘের পাড়া, ঝিনাই

স্থান :- উপজেলা পরিষদ সভাকক্ষ

তারিখ ও সময় :- ০৮/০৯/২০২৪ খ্রি: রবিবার বেলা - ১২ ঘটিকায়

সভায় উপস্থিত জনপ্রতিনিধীগনের স্বাক্ষর :-

১। প্রশাসক, পৌরসভা বাঘের পাড়া →

২। স্থানীয় জন প্রতিনিধি →

৩। " বনশ্রিলা " →

৪। " রামপুর " →

৫। " নারিকেলবাড়ীয়া " →

৬। " পলাশগ্রাম " →

৭। " দোয়েলকুলা " →

৮। " কাশফুল " →

৯। " কাশফুলী " →

১০। " জলসিড়ি " →

[illegible] বিভাগীয় প্রধানদের স্বাক্ষর [illegible]

মো: আবু মুছিন — উপজেলা [illegible]

মো: আবু হানিফ — SAE. DPHE

মো: [illegible] — UDF, UFDP

[illegible]

ড. [illegible] — UA & FPO, [illegible]

ইফতিয়াজ আহমেদ, PIO.

[illegible] - USEO [illegible] - UAS. -

ড. [illegible], ULO, Baghaipara

[illegible], UFPO

মো: আলিমুজ্জামান, USEO,

[illegible], UEO

মো: আবুর [illegible] UPDO

[illegible] USEO

[illegible] - UAO

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : হোসনে আরা তান্নি
প্রশাসক, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ০৮ সেপ্টেম্বর ২০২৪খ্রিঃ, রবিবার, বেলা-১২.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব শেখ আরিফুল ইসলাম তিক্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব ইউসুপ মিয়া, প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) জনাব আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মোঃ মোত্তালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর ।
০৪) মোঃ শাহীন কবির, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।
০৫) ডাঃ অরুপ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
০৬) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৭) জনাব ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৮) জনাব মোঃ ইকবাল হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব মোঃ আশিকুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১০) জনাব ইসমত আরা পারভীন, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১) জনাব মোঃ আরব আলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১২) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১৩) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১৪) জনাব তরুন রায়, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

০১) জনাব তহরা হক, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব সালমা খাতুন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	**পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি ।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়	উপজেলা নির্বাহী অফিসার।

০২.	**পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ** পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	**বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ** (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) বর্তমানে পরিষদের ভাইস চেয়ারম্যান অপসারণ হওয়ায় কমিটির সভাপতি পদে দায়িত্বপ্রাপ্ত কেউ না থাকায় স্থায়ী কমিটির সভাকরণ বন্ধ আছে।	পরবর্তীতে সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করা হবে।	প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
০৪	**৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- **ক) শিশুকলি মডেল বিদ্যালয় সংক্রান্ত:** উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত শিশুকলি মডেল বিদ্যালয়ের নতুন ভবন নির্মানের জন্য বিভিন্ন উৎস হতে প্রাপ্ত ৮৪৪৫০০/-(আট লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত) টাকা পাওয়া গেছে, এছাড়া উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১০.০০ লক্ষ টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যবধী অনুমোদনের পত্র পাওয়া যায়নি, সেহেতু প্রাপ্ত এই টাকা দিয়ে ভবন নির্মান কার্যক্রম শুরু করা সম্ভব হচ্ছে না এবং বর্তমান উপজেলা নির্বাহী অফিসার এর বদলী জনিত কারণে উক্ত অর্থ কোথায় গচ্ছিত আকারে রাখা যায় সেবিষয়ে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে শিশুকলি মডেল বিদ্যালয়ের উপজেলা নির্বাহী অফিসার ও প্রধান শিক্ষকের যৌথ স্বাক্ষরে বর্তমান যে ব্যাংক হিসাব রয়েছে উক্ত হিসাবে জমা করা এবং পরবর্তীতে যখন বিদ্যালয়ের ভবন নির্মান কার্যক্রম শুরু করা হবে তখন উপজেলা পরিষদ কর্তৃক একটি তদারকি ও বাস্তবায়ন কমিটি গঠনপূর্বক কাজটি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।	(ক)শিশুকলি মডেল বিদ্যালয়ের ভবন নির্মানের জন্য বিভিন্ন উৎস হতে প্রাপ্ত ৮৪৪৫০০/- টাকা উপজেলা নির্বাহী অফিসার ও প্রধান শিক্ষকের যৌথ স্বাক্ষরে বর্ণিত বিদ্যালয়ের বর্তমান যে ব্যাংক হিসাব রয়েছে উক্ত হিসাবে জমা করার সিদ্ধান্ত গৃহিত হয়।	(ক) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২। প্রধান শিক্ষক, শিশুকলি আইডিয়াল বিদ্যালয়
০৫.	**আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)** **(ক) উপজলো পরিষদের রাজস্ব তহবিলের আওতায়** (মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী) **পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) আগষ্ট-২০২৩ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-গ সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ভোর অনুমোদন প্রদান করা হয়।	(ক) বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ভোর অনুমোদন প্রদান করা হয়।	(ক) ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৬.	**অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)** **(ক) পৌরসভা ও ইউনিয়ন পরিষদের সেবার ফি গ্রহণ সংক্রান্তঃ** বাঘারপাড়া উপজেলাধীন ইউনিয়নসমূহে যেসকল সেবা প্রদান করা হয়, তার নির্ধারীত সরকারি ফি থাকলে সেটা নিবে কিন্তু যেসকল সেবার ক্ষেত্রে ফি নির্ধারীত নাই সেগুলির ফি ইউনিয়ন ভেদে বিভিন্ন রকমভাবে নেওয়া হচ্ছে। এছাড়া উদ্যোক্তাদের কাজের বিনিময়ে কত পারিশ্রমিক নিবে সেটাও নির্ধারীত না থাকায় সেটাও একই অবস্থা বিরাজ করছে, যার ফলে জনসাধারণের ভোগান্তি হচ্ছে মর্মে সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সকল ইউপি চেয়ারম্যান, ইউপি প্রশাসনিক কর্মকর্তা ও উদ্যোক্তাদের একসাথে নিয়ে উপজেলা আইসিটি কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসারের তত্ত্বাবধায়নে সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক একটি সমন্বিত ফি তালিকা প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয়।	**(ক)** সকল ইউপি চেয়ারম্যান, ইউপি প্রশাসনিক কর্মকর্তা ও উদ্যোক্তাদের একসাথে নিয়ে উপজেলা আইসিটি কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসারের তত্তাবধায়নে একটি সমন্বিত ফি তালিকা প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়।	(ক) ১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা আইসিটি কর্মকর্তা ৩। ইউপি চেয়ারম্যান(সকল) ৪। ইউপি প্রশাসনিক কর্মকর্তা(সকল)

০৭.	সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে । তিনি আরো জানান যে, বর্তমানে অর্থবছরের শুরু হওয়ায় কাজের পরিধি একটু কম আছে । খুব শীঘ্রই বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সকল কার্যক্রম শুরু করা হবে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা প্রকৌশলী
খ.স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপেক্সক্স এর বহিঃ বিভাগ থেকে ৫৪২০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ১৭১০ জন রোগীকে প্রথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৫৫০ জন রোগীকে অমঅঃবিভাগ ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ২৫ জন, ১৮ জন সিজারিয়ান করা হয়। ২৬৫ জন রোগীকে ভায়া পরীক্ষা করা হইয়াছে। ২৩টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ১২৫৭৫ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৮২০ জন রোগীকে জটিলকতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৩২০ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। হাসপাতাল প্রশাসনের নিয়মিত বর্জ্য ব্যবস্থাপনা ও পরিস্কার পরিচ্ছন্ন কাজ চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন ফসলের পরিচর্যা, রোগ পোকা দমন, ফলগাছের পরিচর্যা, বসতবাড়ী ও সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে পুষ্টিবাগান স্থাপনসহ সার্বিক পরামর্শ কৃষকদের দেওয়ার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশন প্রদান করা হয়েছে। কোথাও সারের কোন ঘাটতি নাই। বাজার স্থিতিশীল আছে। এ ব্যাপারে উপসহকারী কৃষি কর্মকর্তা ও উপজেলা কৃষি অফিসার সর্বদা সার মনিটরিং করছেন। প্রদর্শনী স্থাপন ,মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণ সহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা ।
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তার সভায় অনুপস্থিত থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, আগষ্ট-২৪ মাসে ১। কৃত্রিম প্রজনন-ক. তরল সিমেন দ্বারা অর্জন- ১৯৬, খ. হিমায়িত সিমেন দ্বারা অর্জন- ১০৩৩, গ. সংকর জাতের বাছুর উৎপাদন- ৪৯০, ২। গবাদিপশু ও হাসমুরগির টিকা প্রদান ক. গবাদিপশুর টিকা প্রদান- ৩২০০ মাত্রা, খ. হাসমুরগির টিকা প্রদান- ৩৭০০০ মাত্রা ৩.গবাদিপশুর চিকিৎসা প্রদান- ২৪১৬টি, ৪.হাসমুরগির চিকিৎসা প্রদান- ৯৯৮৫ টি, ৫.পেষাপ্রাণির চিকিৎসা প্রদান- ০৫ টি, ৬.উঠান বৈঠক আয়োজন সংখ্যা- ০৪ টি, ৭.খামার পরিদর্শন- ১০ টি, ৮.দুধ উৎপাদন- ২২৮৩.৭৮ টি, ৯.মাংস উৎপাদন- ৭৬৮.৮৭ মে.টন, ১০.ডিম উৎপাদন- ০.৪৩ লক্ষ **সারাদেশ ব্যাপি প্রণিসম্পদ ডিজিটাল সার্ভে কার্যক্রম চলমান।, ** সরকারী এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ আয়)। ক. টিকাবীজ বিক্রয়- ১৩৫৫০/-, খ.কৃত্রিম প্রজনন- ৮৪৮০০/-। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, নিয়মিত ব্যাংক এশিয়ার সাথে যোগাযোগ রাখা হচ্ছে সঠিকভাবে ভাতা প্রদানের জন্য । দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৪৩৪০ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৫২৫০(চক্র) কনডম ৫৫০(পিস) ইনজেকটেবল ০২ জন আইইউডি ০৩জন, ইমপ্লান্ট ৫৯জন, স্থায়ী পদ্ধতী পরুষ ০০জন, মহিলা ০০, মোট ০০ জন ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক):	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যায় যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । নিয়মিত সহকারী শিক্ষা কর্মকর্তাদের মাধ্যমে ক্লাষ্টার ভিত্তিতে বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম মনিটরিং চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ. শিক্ষা বিভাগ (মাধ্যমিক):	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে দাপ্তরিক কার্যক্রম নির্দেশনা মোতাবেক সুষ্টভাবে চলমান আছে । উপজেলা পর্যায়ের সকল বিদ্যালয় খুলে দেওয়া হয়েছে এবং শিক্ষা কার্যক্রম চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় সভায় অনুপস্থিত থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থবছরে ৪৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে । যার মধ্য থেকে প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে মোট ২১ জন কে যুব ঋণ হিসাবে ১১,০০,০০০/- টাকা প্রদান করা হয়েছে, যার আদায় হার ৯৭% । এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৬৯টি ২০২৪-২০২৫সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়নি। খুব শীঘ্রই অডিট কার্যক্রম শুরু করা হবে। ঋন আদায় কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলমান রয়েছে ।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের কিছু গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে এখনও কোন বরাদ্দ পাওয়া যায়নি। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ত. বন বিভাগ	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.বিবিধ:	উপজেলা নির্বাহী অফিসার অত্র উপজেলার উন্নয়নে সকলকে মিলেমিশে কাজ করার আহবান জানান । এছাড়া তাকেঁ তার কর্মকালীন সময়ে সার্বিকভাবে সহযোগীতা প্রদানের জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং পরবর্তী কর্মস্থলে যেন দেশের উন্নয়নের স্বার্থে কাজ করতে পারে সেবিষয়ে দোয়া প্রার্থনা করেন।	উপজেলার উন্নয়নে সকলকে মিলেমিশে কাজ করার আহবান জানান হয়।	সংশ্লিষ্ট সকল

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩০/২০২৪

হোসনে আরা তান্নি
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-৫১ **তারিখঃ ০৮- ১০-২০২৪ খ্রিঃ ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা ।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর ।
৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
৮. উপজেলা ..... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
৯.চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ,বাঘারপাড়া,যশোর।

১৮/১০/২০২৪

হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

পরিশিষ্ট-গ

উপজেলা পরিষদের নিয়মিত মাসিক আয়-ব্যয়

আগষ্ট-২০২৪

যে সভায় উপস্থাপিতঃ- সেপ্টেম্বর-২০২৪

ক্রমিক	বিবরণ	বিলের পরিমান	চেকনং ও তারিখ
১.	মোঃ খলিল হোসেন, মালী, উপজেলা পরিষদকে জুলাই -২০২৪ মাসের দৈনিক মুজুরী প্রদান	=১৪৩০০/-	চেক নং ৪৭০৪৮৪২ তাং ০১.০৮.২০২৪
২.	জীবন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে জুলাই-২০২৪ মাসের দৈনিক মুজুরী প্রদান	=১৪৩০০/-	চেক নং ৪৭০৪৮৪৩ তাং ০১.০৮.২০২৪
৩.	ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে উপজেলা পরিষদের কর্মচারীদের আগষ্ট-২৪ মাসের ভবিষ্য তহবিলের অর্থ জমার জন্য প্রদান	=৫৮৪২/-	চেক নং ৪৭০৪৮৪৪ তাং ২০,০৮,২০২৪
৪.	প্রশাসক, বাঘারপাড়া পৌরসভাকে ২০২৩-২০২৪ অর্থ বছরের পৌরকর প্রদান	=৪,০৮,৯৭০/-	চেক নং ৪৭০৪৮৪৫ তাং ২৭.০৮.২০২৪